

# উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়

## বিজ্ঞপ্তি

স্মারক নং: উবি-০৬/২০০৭-২০৩৪০

তারিখঃ ১৩ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ  
২৮ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ

বিষয়ঃ শীতকালীন অবকাশ, বই দিবস ও মহান বিজয় দিবস উদ্‌যাপন এবং একাদশ ও দ্বাদশ শ্রেণির শ্রেণিকার্যক্রম প্রসঙ্গে।

শিশু থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সকল শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে জানানো যাচ্ছে যে,

১। ১৭ ডিসেম্বর ২০২৩ রবিবার হতে ৩১ ডিসেম্বর ২০২৩ রবিবার পর্যন্ত শীতকালীন অবকাশ যাপনের জন্য বিদ্যালয়ের শ্রেণিকার্যক্রম বন্ধ থাকবে।

২। ০১ জানুয়ারি ২০২৪ সোমবার শিশু থেকে ৯ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের বই দিবস পালিত হবে। বই বিতরণের সময়সূচি এবং শ্রেণিকার্যক্রম শুরুর সময়সূচি পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

৩। একাদশ ও দ্বাদশ শ্রেণির শ্রেণিকার্যক্রম ০১ জানুয়ারি ২০২৪ সোমবার থেকে শীতকালীন সময়সূচি অনুযায়ী যথারীতি চলবে। উল্লেখ্য যে, শীতকালীন সময়সূচি অনুযায়ী শিক্ষার্থীদের আগমনের সময় সকাল ৮:০০টা।

৪। ১৬ ডিসেম্বর ২০২৩ শনিবার মহান বিজয় দিবস উদ্‌যাপনের লক্ষ্যে সম্মানিত শিক্ষকগণের আগমনের সময় সকাল ৯:৩০ মিনিট।

৫। মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত চিত্রাঙ্কন ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীরা ১৬ ডিসেম্বর ২০২৩ শনিবার সকাল ১০:০০ টায় বিদ্যালয়ে আগমন করবে।

বিঃদ্রঃ সকল শিক্ষার্থীকে ইউনিফর্ম ও নির্ধারিত শীতের পোশাক পরে বিদ্যালয়ে আসতে হবে।

স্বাক্ষরিত/

জহুরা বেগম

অধ্যক্ষ

স্মারক নং: উবি-০৬/২০০৭-২০৩৪০

তারিখঃ ১৩ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ  
২৮ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

- ১। সম্মানিত শ্রেণিশিক্ষকবৃন্দ
- ২। অফিস কপি (প্রশাসন)
- ৩। সম্মানিত সমন্বয়কারীবৃন্দ
- ৪। নোটিস বোর্ড
- ৫। ওয়েবসাইট ([www.udayan.edu.bd](http://www.udayan.edu.bd))